# মিশকাতুল মাসাবীহ (মিশকাত)

## হাদিস নাম্বারঃ ২২০৩

পর্ব-৮: কুরআনের মর্যাদা (كتاب فضائل القرآن)

পরিচ্ছেদঃ ১. দ্বিতীয় অনুচ্ছেদ - (কুরআন অধ্যয়ন ও তিলাওয়াতের আদব)

---

### আরবী

وَعَنْ صُهَيْبٍ قَالَ: قَالَ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ: «مَا آمَنَ بِالْقُرْآنِ مَنِ اسْتَحَلَّ مَحَارِمَهُ» . رَوَاهُ التِّرْمِذِيُّ وَقَالَ: هَذَا حَدِيثٌ لَيْسَ إِسْنَادُهُ بِالْقَوِيِّ

### বাংলা

২২০৩-[১৭] সুহায়ব (রাঃ) হতে বর্ণিত। তিনি বলেন, রসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেছেনঃ যে লোক কুরআনে বর্ণিত হারামকে হালাল মনে করেছে সে কুরআনের উপর ঈমান আনেনি। (তিরমিযী; তিনি বলেছেন, এ হাদীসের সানাদ দুর্বল।)[1]

### ফুটনোট

[1] য‘ঈফ : তিরমিযী ২৯১৮, ইবনু আবী শায়বাহ্ ৩০২০১, মু‘জামুল কাবীর লিত্ব ত্ববারানী ৭২৯৫, শু‘আবূল ঈমান ১৭১, য‘ঈফ আত্ তারগীব ১০০, য‘ঈফ আল জামি‘ ৪৯৭৫। কারণ এর সানাদে আবূল মুবারক একজন মাজহূল রাবী। আর ইয়াযীদ ইবনু সিনান দুর্বল রাবী ।

### ব্যাখ্যা

ব্যাখ্যা: محارم শব্দটি محرم এর বহুবচন। যার অর্থ নিষিদ্ধ কাজ, নিষেধ। এখানে উদ্দেশ্য হলো কুরআন মাজীদ সব হুকুম আহকাম সংক্রান্ত নিষিদ্ধ বিষয় রয়েছে তা হালাল মনে করা হচ্ছে কুফরী। ইমাম ত্বীবী (রহঃ) বলেন, এখানে কুরআনের সম্মান ও মাহাত্ম্যের জন্য কুরআনের কথা উল্লেখ করা হয়েছে। আর যে ব্যক্তি আল্লাহ কর্তৃক হারামকৃত জিনিসকে হালাল মনে করবে সে স্বভাবিকভাবেই কাফির। কেউ বলেছেন, সে অকাট্যভাবে কাফির বলে বিবেচিত হবে।

হাদিসের মান: যঈফ (Dai'f) পুনঃনিরীক্ষিত

---

পাবলিশারঃ হাদিস একাডেমি

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=56763

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন